

গেস্ট রুম নির্যাতনের প্রতিবাদে ঢাবিতে ছাত্রদলের বিক্ষোভ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

১৭ মে ২০২২ ১২:০০ এএম।

আপডেট: ১৭ মে ২০২২

০৯:৪২ এএম

দৈনিক আমাদের সময়
আমাদের সময়

advertisement

বিজয় একাত্তর হলের আবাসিক শিক্ষার্থী সিয়ামসহ হলে হলে গেস্ট রুম সংস্কৃতির নামে সাধারণ শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের নির্যাতনের প্রতিবাদে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশে করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদল। গতকাল সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিন থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়ে রাজু ভান্ডারীর সামনে সমাবেশের মাধ্যমে শেষ হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের আহ্বায়ক আকতার হোসেনের সভাপতিত্বে এবং সদস্য সচিব মো. আমানউল্লাহ আমানের সঞ্চালনায় সমাবেশে উপস্থিত ছিলেন ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সভাপতি কাজী রওনকুল ইসলাম শ্রাবণ, সাধারণ সম্পাদক সাইফ মাহমুদ জুয়েল, সিনিয়র সহসভাপতি রাশেদ ইকবাল খান, সিনিয়র যুগ্ম সম্পাদক রাকিবুল ইসলাম রাকিব, সাংগঠনিক সম্পাদক আবু আফসান মোহাম্মদ ইয়াহইয়াসহ কেন্দ্রীয়, ঢাবি ও ঢাকার বিভিন্ন ইউনিটের প্রায় পাঁচ শতাধিক নেতাকর্মী।

সমাবেশে গেস্ট রুমে ছাত্রলীগের নির্যাতনের তীব্র প্রতিবাদ এবং অবিলম্বে দোষীদের চিহ্নিত করে শাস্তি নিশ্চিত করার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রতি আহ্বান জানিয়ে ঢাবি ছাত্রদল সভাপতি শ্রাবণ বলেন, দেশনায়ক তারেক রহমানের নেতৃত্বে চলমান গণতন্ত্র পুনরুদ্ধার আন্দোলন সফল হলে আগামী বাংলাদেশ হবে ন্যায়, নীতি এবং সাম্যের বাংলাদেশ। তাই সবারই যথাযথ আচরণ করা উচিত। তা না হলে ছাত্রদল সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে তীব্র প্রতিরোধ গড়ে তুলবে।

ছাত্রদল সাধারণ সম্পাদক জুয়েল বলেন, ছাত্রলীগ বর্তমানে চর দখলের মতো ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোকে দখল করে রেখেছে, তাদের কর্মসূচিতে না গেলে বা তাদের বিরোধী মতের রাজনীতি করলেই নির্যাতনের শিকার হতে হচ্ছে; আর অপরদিকে এসব ঘটনায় বরাবরের মতোই ঢাবি প্রশাসন নির্বিকার। ছাত্রলীগের চলমান কর্মকা- ঢাকা বিশ্ববিদ্যালয়ের সর্বজনীন রাজনৈতিক চর্চার আদর্শের পরিপন্থী, তারা যদি এসব সন্ত্রাসী কর্মকা- বন্ধ না করে অচিরেই তাদের সাধারণ শিক্ষার্থীদের গণপ্রতিরোধের মধ্যে পড়তে হবে।